গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৩৪ তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৭
১৪ আগস্ট ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

## আবহাওয়ার সর্বশেষ পরিস্থিতি

উত্তর বঙ্গোপসাগরে মৌসুমী বায়ু সক্রিয় এবং বায়ুচাপ পার্থক্যের আধিক্য থাকার কারণে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকুলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। চট্রগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩(তিন) পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকুলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

**আজ ১৪ আগস্ট ২০২০ খ্রিঃ তারিখ সকাল ৯:৩০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রাজশাহী, রংপুর, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী , নোয়াখালী, কুমিল্লা, চট্রগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর সর্তকতা সংকেত (পুনঃ) ১ নম্বর সর্তকতা সংকেত দেখাতে বলা হয়েছে।

**আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ** উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন উত্তর উড়িষ্যা-গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এলাকায় লঘুচাপটি অবস্থান করছে। মৌসুমী বায়ুর অক্ষ রাজস্থান, উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশ, বিহার, লঘুচাপের কেন্দ্রস্থল ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে উত্তর-পূর্ব দিকে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরের অন্যত্র প্রবল অবস্থায় বিরাজমান।

**পূর্বাভাসঃ** খুলনা, বরিশাল, চট্রগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও ঢাকা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে ।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৫.০ | ৩৩.০ | ৩৫.০ | ৩৬.১ | ৩৫.৫ | ৩৪.৬ | ৩৫.৫ | ৩৩.৮ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৬.৪ | ২৮.০ | ২৬.০ | ২৬.৭ | ২৭.০ | ২৫.৬ | ২৭.০ | ২৬.৮ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সিলেট ৩৬.১° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২৫.৬° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

**বন্যা সংক্রান্ত তথ্যঃ**

বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ হওয়ায় গত কয়েকদিন যাবৎ অতিবৃষ্টিজনিত উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলের কারণে সৃষ্ট বন্যা পরিস্থিতির উদ্ভব হয়েছে। এতে দেশের শাখা-প্রশাখাসহ ছোট-বড় মিলিয়ে প্রায় ৮০০ নদ-নদী বিপুল জলরাশি নিয়ে ২৪,১৪০ বর্গ কিলোমিটার জায়গা দখল করে দেশের মধ্য দিয়ে প্রবাহিত হচ্ছে। প্রতি বছরই বর্ষা মৌসুমে প্রবল বৃষ্টিপাত এবং পার্শ্ববর্তী দেশসমূহ হতে প্রবাহিত পানি বৃদ্ধি পেয়ে বিভিন্ন নদ-নদী পানিতে ভরপুর হয়ে নদীর তীর, বাঁধসমূহে ভাঙ্গন দেখা দেয় এবং মানুষ, ঘরবাড়ী, গবাদি পশুসহ আরো অনেক ক্ষতি সাধিত হয়।

গত ২৭/০৬/২০২০খ্রিঃ তারিখ হতে অতিবৃষ্টি ও নদ-নদীর পানি বৃদ্ধির ফলে দেশের কয়েকটি জেলায় বন্যা পরিস্থিতি দেখা দিয়েছে। লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী, রংপুর, সিলেট, সুনামগঞ্জ, সিরাজগঞ্জ, বগুড়া, জামালপুর, টাংগাইল, রাজবাড়ী, মানিকগঞ্জ, মাদারীপুর ও ফরিদপুর জেলায় নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হওয়ায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছিল। আজ (১৪/০৮/২০২০খ্রিঃ তারিখ) নাটোর, টাংগাইল ও গাজীপুর এই ৩ টি জেলার ৩ টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

**এক নজরে নদ-নদীর পরিস্থিতিঃ**

- ব্রহ্মপুত্র নদের পানি সমতল স্থিতিশীল আছে, অপরদিকে যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। আগামী ২৪ ঘণ্টায় ব্রহ্মপু ত্র -যমুনা উভয় নদ-নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে।
- গঙ্গা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে এবং পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থ াকতে পারে।
- উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| বৃদ্ধি | ২৮ | **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | ০৩ |
| হ্রাস | ৬৮ | **বিপদসীমার উপরে স্টেশনের সংখ্যা** | ০৩ |
| অপরিবর্তিত | ০৫ | - | - |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র)

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ৩০ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ/১৪ আগস্ট ২০২০ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| ক্রঃ নং | জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | নাটোর | সিংড়া | গুড় | ১২.৭৭ | -০৩ | ১২.৬৫ | +১২ |
| ০২ | টাংগাইল | এলাসিন | ধলেশ্বরী | ১১.৪৬ | +০৪ | ১১.৪০ | +০৬ |
| ০৩ | গাজীপুর | টংগী | টংগী খাল | ৬.১১ | -০৮ | ৬.১০ | +০১ |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র)

## বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| - | - | - | - |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র)

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (বৃষ্টিপাত: মি.মি.):

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| - | - | - | - |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র)

**আজ ১৪ আগস্ট ২০২০ খ্রিঃ বন্যা উপদ্রুত জেলাসমূহের জেলা প্রশাসকের কার্যালয় থেকে প্রাপ্ত তথ্যের সার-সংক্ষেপ নিম্নরূপ:**

| ক্রঃ নং | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ১ | উপদ্রুত জেলার সংখ্যা | ৩৩ টি। |
| ২ | উপদ্রুত জেলার নাম | লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী, রংপুর, সুনামগঞ্জ, সিরাজগঞ্জ, বগুড়া, জামালপুর, সিলেট, টাংগাইল, রাজবাড়ী, মাদারীপুর, মানিকগঞ্জ, ফরিদপুর, নেত্রকোনা, নওগাঁ, শরীয়তপুর, ঢাকা, মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, লক্ষীপুর, নাটোর, হবিগঞ্জ, ময়মনসিংহ, রাজশাহী, মৌলভীবাজার, গাজীপুর, গোপালগঞ্জ ও পাবনা। |
| ৩ | উপদ্রুত উপজেলার সংখ্যা | ১৬২ টি |
| ৪ | উপদ্রুত ইউনিয়নের সংখ্যা | ১০৬৫ টি |
| ৫ | পানিবন্দি পরিবারের সংখ্যা | ৮,০০,৪১২ টি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা | ৫০,২৮,৬৪৬ জন | | |
| ৭ | **বন্যায় এ পর্যন্ত মৃত্যুর সংখ্যা-** | **৪৪ জন** | | |
| | **ত্রাণ সামগ্রীর নাম** | **মোট বরাদ্দ** | **বিতরণ** | **মজুদ** |
| ৮ | জি, আর (চাল) (মেঃটন) | ১৯,৫১০ | ১২,৮১৭.৫১৫ | ৬৬৯২.৪৮৫ |
| ৯ | নগদ ক্যাশ (টাকা) | ৪,২৭,০০,০০০/- | ২,৮৮,৮১,৭০০/- | ১,৩৮,১৮,৩০০/- |
| ১০ | শিশুখাদ্য ক্রয় বাবদ নগদ অর্থ (টাকা) | ১,৫৪,০০,০০০/- | ১,০১,০৭,১০৬/- | ৫২,৯২,৮৯৪/- |
| ১১ | গো-খাদ্য ক্রয় বাবদ নগদ অর্থ (টাকা) | ৩,৩০,০০,০০০/- | ২,০৪,৩৪,০০০/- | ১,২৫,৬৬,০০০/- |
| ১২ | শুকনা খাবার (প্যাকেট) | ১,৬৮,০০০ | ১,৪১,২৮৬ | ২৬,৭১৪ |
| ১৩ | ঢেউটিন (বান্ডিল) | ৪০০ | ১০০ | ৩০০ |
| ১৪ | গৃহনির্মাণ মঞ্জুরী (টাকা) | ১২০০০০০/- | ৩,০০,০০০/- | ৯০০০০০/- |

**আজ ১৪ আগস্ট ২০২০ খ্রিঃ বন্যা উপদ্রুত জেলাসমূহের জেলা প্রশাসকের কার্যালয় থেকে প্রাপ্ত আশ্রয়কেন্দ্র সম্পর্কিত তথ্যের সার-সংক্ষেপ নিম্নরূপ:**

| ক্রঃ নং | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১। | বন্যা কবলিত ৩৩টি জেলায় মোট বন্যা আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে | ১১১৭ টি |
| ২। | আশ্রয়কেন্দ্রসমূহে আশ্রিত লোকসংখ্যাঃ | **৩৫,৬৪০ জন** |
| | পুরুষ | ১৪,৪৬৩ জন |
| | মহিলা | ১৩,৬৪২ জন |
| | শিশু | ৭২৩০ জন |
| | প্রতিবন্ধী | ৩০৫ জন |
| ৩। | আশ্রয়কেন্দ্রসমূহে আনা গবাদি পশুর সংখ্যাঃ | **৬৪,৯৫৩ টি** |
| | গরু/মহিষ | ৪০,৯৩৯ টি |
| | ছাগল/ভেড়া | ২২,৫৬৮ টি |
| | অন্যান্য গৃহপালিত পশু | ১৪৪৬ টি |
| ৪। | বন্যা কবলিত জেলায়মেডিকেল টিম সম্পর্কিত তথ্যঃ | |
| | মেডিকেল টিম গঠন করা হয়েছে | ৮৭৬ টি |
| | বর্তমানে মেডিকেল টিম চালু রয়েছে | ২৫০ টি |

**বন্যায় মানবিক সহায়তার বিবরণঃ**

(ক) সাম্প্রতিক অতিবর্ষণজনিত কারণে সৃষ্ট বন্যায় ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা হিসেবে বিতরণের নিমিত্ত নিম্ন বর্ণিত জেলাসমূহের নামের পাশে উল্লিখিত ত্রাণ কার্য টাকা, ত্রাণ কার্য চাল, শিশুখাদ্য ক্রয় বাবদ টাকা, গো খাদ্য ক্রয় বাবদ টাকা এবং শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ প্রদান করা হয়েছে **(২৮/০৬/২০২০ খ্রিঃ তারিখ থেকে ১০/০৮/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত):**

| ক্র.নং | জেলার নাম | ত্রাণ কার্য (চাল) বরাদ্দের পরিমাণ (মেঃটন) | ত্রাণ কার্য (নগদ) বরাদ্দের পরিমাণ (টাকা) | শিশুখাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা) | গো-খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা) | গৃহমঞ্জুরী বরাদ্দের পরিমাণ (টাকা) | মোট বরাদ্দ টাকা (৪+৫+৬+৭) | শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমান (প্যাকেট) | ঢেউটিন বরাদ্দের পরিমান (বান্ডিল) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | ঢাকা | ৬০০ | ১৬০০০০০ | ৬০০০০০ | ১০০০০০০ | ০ | ৩২০০০০০ | ১২০০০ | ০ |
| ২ | গাজীপুর | ২০০ | ৩০০০০০ | ৩০০০০০ | ২০০০০০ | ০ | ৮০০০০০ | ১০০০ | - |
| ৩ | টাংগাইল | ১৪০০ | ১৮০০০০০ | ৯০০০০০ | ১৯০০০০০ | ০ | ৪৬০০০০০ | ১৬০০০ | ০ |
| ৪ | মানিকগঞ্জ | ৫০০ | ৩০০০০০ | ৭০০০০০ | ১৫০০০০০ | ০ | ২৫০০০০০ | ৪০০০ | ০ |
| ৫ | ফরিদপুর | ৭৫০ | ১০০০০০০ | ৮০০০০০ | ১৩০০০০০ | ০ | ৩১০০০০০ | ১০০০০ | ০ |
| ৬ | মুন্সিগঞ্জ | ৭০০ | ৬৫০০০০ | ৭০০০০০ | ১৪০০০০০ | ০ | ২৭৫০০০০ | ৬০০০ | ০ |
| ৭ | রাজবাড়ী | ৫০০ | ৭০০০০০ | ৩০০০০০ | ১৪০০০০০ | ৩০০০০০ | ২৪০০০০০ | ৪০০০ | ১০০ |
| ৮ | মাদারীপুর | ৮০০ | ১২০০০০০ | ৯০০০০০ | ১৫০০০০০ | ০ | ৩৬০০০০০ | ৮০০০ | ০ |
| ৯ | শরীয়তপুর | ১১৫০ | ১৮৫০০০০ | ৭০০০০০ | ১৪০০০০০ | ৩০০০০০ | ৪২৫০০০০ | ৪০০০ | ১০০ |
| ১০ | গোপালগঞ্জ | ১৫০ | ৪০০০০০ | ২০০০০০ | ২০০০০০ | | ৮০০০০০ | ২০০০ | |
| ১১ | কিশোরগঞ্জ | ১৫০ | ৬০০০০০ | ২০০০০০ | ৭০০০০০ | ০ | ১৫০০০০০ | ২০০০ | ০ |
| ১২ | ময়মনসিংহ | ১০০ | ৩০০০০০ | ০ | ৬০০০০০ | ০ | ৯০০০০০ | ২০০০ | ০ |
| ১৩ | নেত্রকোনা | ৬৫০ | ১৩০০০০০ | ৪০০০০০ | ১২০০০০০ | ০ | ২৯০০০০০ | ৫০০০ | ০ |
| ১৪ | জামালপুর | ১৪১০ | ৩৬৫০০০০ | ৯০০০০০ | ২০০০০০০ | ০ | ৬৫৫০০০০ | ১৫০০০ | ০ |
| ১৫ | চাঁদপুর | ৮০০ | ১১০০০০০ | ৭০০০০০ | ১৭০০০০০ | ০ | ৩৫০০০০০ | ৬০০০ | ০ |
| ১৬ | নোয়াখালী | ৪০০ | ৮০০০০০ | ২০০০০০ | ৬০০০০০ | ০ | ১৬০০০০০ | ২০০০ | ০ |
| ১৭ | লক্ষ্মীপুর | ৩৫০ | ৭৫০০০০ | ২০০০০০ | ৬০০০০০ | ০ | ১৫৫০০০০ | ২০০০ | ০ |
| ১৮ | ব্রাহ্মণবাড়ীয়া | ০ | ০ | ০ | ২০০০০০ | ০ | ২০০০০০ | ০ | ০ |
| ১৯ | রাজশাহী | ৪০০ | ৮০০০০০ | ২০০০০০ | ২০০০০০ | ০ | ১২০০০০০ | ২০০০ | ০ |
| ২০ | নওগাঁ | ১৫০ | ৫০০০০০ | ৪০০০০০ | ৭০০০০০ | ০ | ১৬০০০০০ | ২০০০ | ০ |
| ২১ | নাটোর | ৩৫০ | ৭০০০০০ | ৬০০০০০ | ১০০০০০০ | ০ | ২৩০০০০০ | ২০০০ | ০ |
| ২২ | সিরাজগঞ্জ | ৯৫০ | ১৮০০০০০ | ৭০০০০০ | ১৪০০০০০ | ০ | ৩৯০০০০০ | ৮০০০ | ০ |
| ২৩ | বগুড়া | ৯৬০ | ২১০০০০০ | ৫০০০০০ | ১২০০০০০ | ০ | ৩৮০০০০০ | ৬০০০ | ০ |
| ২৪ | পাবনা | ১০০ | ০ | ০ | ৩০০০০০ | | ৩০০০০০ | ১০০০ | |
| ২৫ | রংপুর | ৪৬০ | ১৫০০০০০ | ২০০০০০ | ৯০০০০০ | ০ | ২৬০০০০০ | ৪০০০ | ০ |
| ২৬ | কুড়িগ্রাম | ৮৬০ | ৩১০০০০০ | ১১০০০০০ | ১৭০০০০০ | ০ | ৫৯০০০০০ | ৮০০০ | ০ |
| ২৭ | নীলফামারী | ৫১০ | ২৫৫০০০০ | ৪০০০০০ | ৮০০০০০ | ০ | ৩৭৫০০০০ | ৫০০০ | ০ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৮ | গাইবান্ধা | ১০১০ | ২২৫০০০০ | ৭০০০০০ | ১৫০০০০০ | ০ | ৪৪৫০০০০ | ৮০০০ | ০ |
| ২৯ | লালমনিরহাট | ৯০০ | ২৪৫০০০০ | ৭০০০০০ | ১৫০০০০০ | ৬০০০০০ | ৫২৫০০০০ | ৪০০০ | ২০০ |
| ৩০ | সিলেট | ৬০০ | ২৩০০০০০ | ২০০০০০ | ৮০০০০০ | ০ | ৩৩০০০০০ | ৫০০০ | ০ |
| ৩১ | মৌলভীবাজার | ৩৫০ | ৭৫০০০০ | ২০০০০০ | ২০০০০০ | ০ | ১১৫০০০০ | ৪০০০ | ০ |
| ৩২ | হবিগঞ্জ | ৫০০ | ৮০০০০০ | ২০০০০০ | ৬০০০০০ | ০ | ১৬০০০০০ | ২০০০ | ০ |
| ৩৩ | সুনামগঞ্জ | ৮০০ | ২৮০০০০০ | ৬০০০০০ | ৮০০০০০ | ০ | ৪২০০০০০ | ৬০০০ | ০ |
| | | **১৯৫১০** | **৪২৭০০০০০** | **১৫৮০০০০০** | **৩৩০০০০০০** | **১২০০০০০** | **৯২০০০০০০** | **১৬৮০০০** | **৪০০** |

## অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ১২/০৮/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৩/০৮/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৫ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | রংপুর | ১ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ১ | ০ | ০ |
| ৮। | খুলনা | ২ | ০ | ০ |
| | **মোট** | **১১** | **০** | **০** |

## করোনা ভাইরাস সংক্রান্ত তথ্যঃ

### ১। বিশ্ব পরিস্থিতিঃ

গত ১১/০৩/২০২০ খ্রিঃ তারিখ জেনেভাতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর হতে বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতিকে বিশ্ব মহামারী ঘোষনা করা হয়েছে। সারা বিশ্বে কোভিড-১৯ রোগটি বিস্তার লাভ করেছে। এ রোগে বহুলোক ইতোমধ্যে মৃত্যুবরণ করেছে। কয়েক লক্ষ মানুষ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার ১৩/০৮/২০২০ খ্রিঃ তারিখ এর করোনা ভাইরাস সংক্রান্ত Situation Report অনুযায়ী সারা বিশ্বের কোভিড-১৯ সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

| ক্রঃ নং | বিবরণ | বিশ্ব | দক্ষিণ-পূর্ব এশিয়া |
|---|---|---|---|
| ০১ | মোট আক্রান্ত | ২,০৪,৩৯,৮১৪ | ২৮,৩০,৪০৪ |
| ০২ | ২৪ ঘন্টায় নতুন আক্রান্তের সংখ্যা | ২,৭৬,৩৯৪ | ৭২,৫৮২ |
| ০৩ | মোট মৃত ব্যক্তির সংখ্যা | ৭,৪৪,৩৮৫ | ৫৬,৬৩৬ |
| ০৪ | ২৪ ঘন্টায় নতুন মৃত্যুর সংখ্যা | ৬,৯৩৩ | ১,০৭২ |

২। বাংলাদেশ পরিস্থিতিঃ

বাংলাদেশে প্রথম করোনা ভাইরাসের সংক্রমিত ব্যক্তি শনাক্ত হয়েছে গত ৮মার্চ, ২০২০ খ্রিঃ তারিখে। গত ১৬ই এপ্রিল, ২০২০ খ্রিঃ তারিখে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ (২০১৮ সালের ৬১ নং আইন) এর ১১ (১) ধারার ক্ষমতাবলে সমগ্র বাংলাদেশকে সংক্রমণের ঝুঁকিপূর্ণ এলাকা ঘোষণা করা হয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ্ ইমার্জেন্সী অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনষ্টিটিউট সেল হতে প্রাপ্ত তথ্যাদি নিম্নে প্রদান করা হলোঃ

**বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা, সনাক্তকৃত রোগী, রিকোভারী এবং মৃত্যু সংক্রান্ত তথ্য (১৩/০৮/২০২০খ্রিঃ):**

| | গত ২৪ ঘন্টা | অদ্যাবধি |
|---|---|---|
| কোভিড-১৯ পরীক্ষা হয়েছে এমন ব্যক্তির সংখ্যা | ১৩,১৬২ | ১৩,১৫,৯০১ |
| পজিটিভ রোগীর সংখ্যা | ২,৬১৭ | ২,৬৯,১১৫ |
| রিকোভারীপ্রাপ্ত রোগীর সংখ্যা | ১,৭৮২ | ১,৫৪,৮৭১ |
| কোভিড-১৯ আক্রান্ত রোগীর মৃত্যুর সংখ্যা | ৪৪ | ৩,৫৫৭ |

*** করোনা ভাইরাস সংক্রান্ত বিশেষ প্রতিবেদন বিকাল ৫ টায় প্রদান করা হয়।**

*** বন্যা সংক্রান্ত বিশেষ প্রতিবেদন বিকাল ৪.৩০ টায় প্রদান করা হয়।**

১৪-৮-২০২০
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৩৪/১(১৬৬)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৭
১৪ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৭) বিভাগীয় কমিশনার (সকল)

৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯) জেলা প্রশাসক (সকল)

১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

১৪-৮-২০২০
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা